প্রথম আলো

এইচআরএফবির সংবাদ সম্মেলন

সরকার মানবাধিকার লঙ্ঘনের ঘটনা অস্বীকার করছে

নিজস্ব প্রতিবেদক

১১ এপ্রিল ২০১৭, ০২:২৬

প্রিন্ট সংস্করণ

মানবাধিকার লঙ্ঘনের ঘটনা সরকার অস্বীকার করছে—এমন অভিযোগ করে হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) এ প্রবণতা থেকে বের হয়ে আসতে সরকারের প্রতি আহ্বান জানিয়েছে। সংগঠনটি মানবাধিকারজনিত সমস্যাগুলো সমাধানে জোর দিতে সরকারকে পরামর্শ দিয়েছে।

গতকাল সোমবার জাতীয় প্রেসক্লাবে ‘নাগরিক ও রাজনৈতিক অধিকার রক্ষায় জাতিসংঘের মানবাধিকার কমিটির সমাপনী পর্যবেক্ষণ’ শীর্ষক সংবাদ সম্মেলনে এসব কথা বলা হয়।

এ বছরের মার্চে জেনেভায় ইন্টারন্যাশনাল কভেনেন্ট অন সিভিল অ্যান্ড পলিটিক্যাল রাইটসের (আইসিসিপি) সভায় বাংলাদেশে নাগরিক ও রাজনৈতিক অধিকার-সম্পর্কিত আন্তর্জাতিক সনদের ধারাগুলো বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা হয়। ওই সভায় আইনমন্ত্রী আনিসুল হক বিভিন্ন মানবাধিকার ইস্যুতে সরকারের অবস্থান তুলে ধরেন। জেনেভার সভায় বাংলাদেশে বিচারবহির্ভূত হত্যাকাণ্ড, গুম, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর হেফাজতে নির্যাতন ও মৃত্যু, মতপ্রকাশের স্বাধীনতা, মৃত্যুদণ্ড, কারাগার পরিস্থিতি, জাতীয় মানবাধিকার কমিশনকে শক্তিশালীকরণ, সন্ত্রাসবাদ প্রতিরোধ, লিঙ্গ-ধর্ম-জাতি ও গোষ্ঠীগত বৈষম্য, বাল্যবিবাহ নিয়ে উদ্বেগ প্রকাশ করা হয়।

গতকালের সংবাদ সম্মেলনে নাগরিক উদ্যোগের প্রধান নির্বাহী জাকির হোসেন বিদ্যমান মানবাধিকার পরিস্থিতি সম্পর্কে জাতিসংঘ কমিটিকে দেওয়া সরকারের ব্যাখ্যার সঙ্গে দ্বিমত পোষণ করেন। তিনি বলেন, ‘জেনেভার অধিবেশনে আইনমন্ত্রী বলেছেন, দেশে আদিবাসী বলে কিছু নেই। কিন্তু ওদের লড়াইটা তো আমরা দেখছি। সরকার বাল্যবিবাহের হার সম্পর্কে যে

তথ্য দিয়েছে, তা কমিটির কাছে গ্রহণযোগ্য হয়নি। নির্বাচন, গুম নিয়েও সরকারের ব্যাখ্যা নিয়ে কমিটি প্রশ্ন তুলেছে। সুপারিশ দিয়েছে। এগুলোর দ্রুত বাস্তবায়ন দরকার।'

স্টেপস টুয়ার্ডস ডেভেলপমেন্টের নির্বাহী পরিচালক রঞ্জন কর্মকার বলেন, দেশের মানবাধিকার পরিস্থিতি নিয়ে জাতিসংঘ ও অন্যান্য দেশি-বিদেশি সংস্থার পর্যবেক্ষণ ও সুপারিশগুলো প্রায় একই রকম।

অনুষ্ঠানে আইন ও সালিশ কেন্দ্রের (আসক) নির্বাহী পরিচালক শিপা হাফিজা, বাংলাদেশ লিগ্যাল এইড অ্যান্ড সার্ভিসেস ট্রাস্টের (ব্লাস্ট) নির্বাহী পরিচালক সারা হোসেন প্রমুখ বক্তব্য দেন।

http://www.prothom-alo.com/bangladesh/article/1141881/%E0%A6%B8%E0%A6%B0%E0%A6%95%E0%A6%BE%E0%A6%B0-%E0%A6%AE%E0%A6%BE%E0%A6%A8%E0%A6%AC%E0%A6%BE%E0%A6%A7%E0%A6%BF%E0%A6%95%E0%A6%BE%E0%A6%B0-%E0%A6%B2%E0%A6%99%E0%A7%8D%E0%A6%98%E0%A6%A8%E0%A7%87%E0%A6%B0-%E0%A6%98%E0%A6%9F%E0%A6%A8%E0%A6%BE-%E0%A6%85%E0%A6%B8%E0%A7%8D%E0%A6%AC%E0%A7%80%E0%A6%95%E0%A6%BE%E0%A6%B0-%E0%A6%95%E0%A6%B0%E0%A6%9B%E0%A7%87

প্রথম আলো

মানবাধিকার লঙ্ঘন

অন্ধ হলে প্রলয় বন্ধ হয় না

১২ এপ্রিল ২০১৭, ০০:১৩

প্রিন্ট সংস্করণ

গত মাসে জেনেভায় জাতিসংঘ মানবাধিকার কমিটির সভায় বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের মতো মানবাধিকার লঙ্ঘনের ঘটনায় উদ্বেগ প্রকাশের বিষয়টিকে সরকারের হালকাভাবে দেখা উচিত নয়। ইন্টারন্যাশনাল কভেনেন্ট অন সিভিল অ্যান্ড পলিটিক্যাল রাইটসের (আইসিসিপিআর) স্বাক্ষরকারী দেশ হিসেবে বাংলাদেশের পরিস্থিতি মূল্যায়নই ছিল ওই সভার উদ্দেশ্য।

জাতিসংঘের মতো একটি আন্তর্জাতিক সংস্থায় গিয়ে মানবাধিকার লঙ্ঘনের ঘটনা বেমালুম অস্বীকার করে চলা কোনো একটি গণতান্ত্রিক সরকারের গ্রহণযোগ্যতার সঙ্গে সংগতিপূর্ণ নয়। হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) এ প্রবণতা পরিহার করতে সরকারের প্রতি যথার্থই আবেদন জানিয়েছে। দেশে আদিবাসী বলে কিছু নেই বললেই ঐতিহাসিক শান্তিচুক্তি অকার্যকর করে রাখার দায় মুছে যায় না। ওই চুক্তির উল্লেখযোগ্য বিধানাবলি বাস্তবায়ন করতে না পারার সরকারি অসামর্থ্য কিংবা ব্যর্থতা আন্তর্জাতিক সম্প্রদায়ের কাছে গোপন নেই।

বাল্যবিবাহের হার কিংবা এ বিষয়ে সংসদে পাস করা সাম্প্রতিক আইনের কার্যকারিতা সম্পর্কে কোনো সাফাই বক্তব্য দেওয়া হলে তা প্রশ্নবিদ্ধ থাকতে বাধ্য। হাইকোর্টে এর বৈধতা চ্যালেঞ্জ করা হয়েছে। নির্বাচনে অনিয়ম এবং গুমের বিষয়ে সরকার যেসব ব্যাখ্যা দিয়েছে, জেনেভা কমিটি তা নিয়েও প্রশ্ন তুলেছে। এটা অসত্য নয় যে, এ-সংক্রান্ত বহুবিধ বৈধ প্রশ্ন দীর্ঘদিন ধরেই জনমনে ঘুরপাক খাচ্ছে। সরকার মানবাধিকার লঙ্ঘনের বিভিন্ন অভিযোগকে নির্বিচারে অস্বীকার করার প্রবণতা বন্ধ না করলে তা জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদে মদদদানকারী মহলকেই উসকে দিতে পারে। এর বিপদ সম্পর্কে সরকারকে সজাগ থাকতে হবে। তাকে মনে রাখতে হবে, অন্ধ হলেই প্রলয় বন্ধ হয় না।

মনে রাখা দরকার, অন্যান্য দেশি-বিদেশি মানবাধিকার পর্যবেক্ষণকারী সংস্থাও জেনেভা কমিটির মতোই একই মূল্যায়ন করছে। এসব মহলের সুপারিশগুলোও অভিন্ন, যা বাস্তবায়নে সরকারের রাজনৈতিক সদিচ্ছা পূর্বশর্ত। এর আগেও সাবেক পররাষ্ট্রমন্ত্রী দীপু মনি জেনেভায় জাতিসংঘ মানবাধিকার পরিষদে গিয়ে আশ্বস্ত করেছিলেন, বাংলাদেশে নির্বাচিত সরকার বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের বিষয়ে জিরো টলারেন্স নীতি অনুসরণ করবে। কিন্তু সরকারের সেই অঙ্গীকার যে গুরুতর প্রশ্নের সম্মুখীন, সে বিষয়ে কোনো সন্দেহ নেই।

এটা কৌতূহলোদ্দীপক যে প্রধানমন্ত্রী শেখ হাসিনার চার দিনের ভারত সফরের শুরুতে অ্যামনেস্টি ইন্টারন্যাশনালের ভারত চ্যাপ্টার বলেছে, ভারত-বাংলাদেশ যখন স্থিতিশীল গণতন্ত্রের বিষয়ে গর্ব অনুভব করে, তখন তাদের উচিত মানবাধিকার সুরক্ষায় অধিকতর কার্যকর পদক্ষেপ নেওয়া। আমরা আশা করব, সরকার এ বিষয়ে তার ভাবমূর্তি পরিচ্ছন্ন করতে সর্বাত্মক পদক্ষেপ নেবে।

http://www.prothom-alo.com/opinion/article/1142591/%E0%A6%85%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A7-%E0%A6%B9%E0%A6%B2%E0%A7%87-%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%B2%E0%A7%9F-%E0%A6%AC%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A7-%E0%A6%B9%E0%A7%9F-%E0%A6%A8%E0%A6%BE

NEWAGE

Rights groups demand action plan

Staff Correspondent | Published at 01:09am on April 11, 2017

Human Rights Forum Bangladesh holds a press conference at National Press Club in Dhaka on Monday, presenting concluding observation of UN Human Rights Committee on ensuring citizen and political rights. — New Age photo

Rights and civic groups on Monday demanded that the government should prepare an action plan to implement the United Nations Human Rights Committee’s concluding observation on the initial report of Bangladesh in its 119th session. Human Rights Forum Bangladesh, a platform of 19 human rights and civic groups,

made the demand at a press conference at the National Press Club in Dhaka.
The UN Human Rights Committee in its 119th session held dialogue with the law minister, National Human Rights Commission representative and right activists in March 6-7, based on their reports, to evaluate Bangladesh's progress on International Covenant on Civil and Political Rights and published its observation on March 29.
Reading out the written statement at the press conference, forum coordinator Tamanna Haque Riti said that the country's rights defenders demanded expeditious implementation of the observations.
Bangladesh ratified the International Covenant on Civil and Political Rights in 2000 but the initial report was submitted by the government to the committee in June 2015, she said, adding that the initial report was supposed to be submitted in one year of ratification..
In its recommendations, the UN Human Rights Committee urged the government not to use counter-terrorism measures to restrict freedom of expression and opinion of journalists and human rights defenders.
'The State party should broaden the mandate of the NHRC and allow it to investigate all alleged human rights violations, including those committed by state military and security actors. The state party should also provide the NHRC with sufficient financial and human resources to allow it to impartially and independently fulfil its mandate in line with the Paris Principles,' it recommended.
It also recommended criminalisation of enforced disappearance and investigation into every incident of enforced disappearance and proper enforcement of the Torture and Custodial Death (Prevention) Act 2013.
It also asked the government to revise legislations to limit the use of force by law enforcement officials, the military and special forces conforming with international standards.
It also urged the government to investigate all cases of arbitrary killings, enforced disappearances and excessive use of force, prosecute and if convicted punish the perpetrators with appropriate sentences, and compensate the victims.
Addressing the press conference, Ain o Salish Kendra executive director Sheepa Hafiza urged the government to discuss with the human rights activists and civil society to formulate a time-bound action plan.

Bangladesh Legal Aid and Services Trust honorary executive director Sara Hossain, Steps Towards Development executive director Ranjan Karmakar and Nagorik Uddyog leader Zakir Hossain also spoke.

http://www.newagebd.net/print/article/13250

The Daily Star

12:00 AM, April 11, 2017 / LAST MODIFIED: 03:08 AM, April 11, 2017

Adopt work plan to ensure civil and political rights

19 rights organisations urge govt

Leading human rights campaigners yesterday urged the government to come up with a binding and comprehensive work plan to implement the United Nations Human Rights Committee's observations on civil and political rights of people in Bangladesh.

They said this at a press conference arranged by the Human Rights Forum Bangladesh (HRFB), a platform of 19 human rights organisations, at Jatiya Press Club, to press the government to implement the concluding observations published on March 29.

On March 6-7, the committee in its 119th session in Geneva held a dialogue with the law minister, representatives of National Human Rights Commission (NHRC), and rights activists. The dialogue was convened by the UN committee for consideration of Bangladesh's initial report under the International Covenant on Civil and Political Rights (ICCPR). The initial report was submitted by the government in June 2015.

In an observation, the committee asked the government to ensure that the counter-terrorism measures are not used to restrict freedom of expression and opinion of journalists and human rights defenders.

It said the state party should broaden the mandate of the NHRC and allow it to investigate all alleged human rights violations, including those committed by security forces.

The state party should also provide NHRC with financial backup and sufficient manpower to allow it to impartially and independently fulfill its mandate, it said.

Bangladesh became a party to International Covenant on Civil and Political Rights (ICCPR) in 2000 during the first tenure of Prime Minister Sheikh Hasina.

Speaking at the press conference, Sheepa Hafiza, executive director of Ain o Salish Kendra (ASK) -- one of the 19 rights organisations, said, “We call upon the government to discuss with the civil society for the formulation and implementation of the work plan."

The UN committee asked the government to revise its legislation to limit the use of force by law enforcement agencies, the military and other special forces, maintaining international standard.

It also urged the government to investigate all cases of arbitrary killings, enforced disappearances, and excessive use of force, and asked it to prosecute the perpetrators with appropriate sanctions, and provide full reparation to the victims.

Barrister Sara Hossain, honorary executive director of Bangladesh Legal Aid and Services Trust, spoke among others.

The UN Human Rights Committee is the body of independent experts that monitors implementation of the ICCPR by its state parties.

http://www.thedailystar.net/city/adopt-work-plan-ensure-civil-and-political-rights-1389463